ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-১২৬১

আগরতলা, ২৪ জুন, ২০২৬

**ডেস্টিনেশন ত্রিপুরা ২০২৬**

**দিল্লিতে জর্ডান ও ফিলিপাইন্সের দূতাবাসের সঙ্গে বৈঠক অনুষ্ঠিত**

'ডেস্টিনেশন ত্রিপুরা ২০২৬কে আন্তর্জাতিক স্তরে তুলে ধরার লক্ষ্যে টিআইডিসি'র ম্যানেজিং ডাইরেক্টর দীপক কুমার এবং এফআইসিসিআই-র প্রতিনিধিগণ নয়াদিল্লিতে জর্ডান ও ফিলিপাইন্সের দূতাবাসের সাথে বৈঠকে মিলিত হন, যাতে ত্রিপুরার বিনিয়োগ ইকোসিস্টেমকে প্রচারে আনা যায় এবং আন্তর্জাতিক স্তরে যৌথ উদ্যোগের সুযোগ হয়। বৈঠকে জর্ডান দূতাবাসের পক্ষে উপস্থিত ছিলেন সেই দেশের রাষ্ট্রদূত য়ুসেফ আবদেলঘানি এবং ফিলিফাইন দূতাবাসের পক্ষে উপস্থিত ছিলেন দূতাবাসের সেকেন্ড সেক্রেটারি মেলিসা এন টেলান।

বৈঠকে আলোচনাকালে টিআইডিসি'র এমডি দীপক কুমার ত্রিপুরার বিনিয়োগ বান্ধব নীতি, ভৌগোলিক অবস্থান, উন্নয়নশীল যোগাযোগ ব্যবস্থা, ক্ষেত্র ভিত্তিক সুযোগ, উত্তর-পূর্বাঞ্চলের মধ্যে উপযুক্ত বিনিয়োগের ঠিকানা হয়ে উঠার চিন্তাধারা ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা করেন। জর্ডানের সাথে আলোচনায় যৌথ উদ্যোগের জন্য পর্যটন, খাদ্য প্রক্রিয়াকরণ, কৃষি ও সংশ্লিষ্ট ক্ষেত্র, স্বাস্থ্য পরিষেবা, শিক্ষা, বাণিজ্য ইত্যাদি ক্ষেত্র গুরুত্ব পায়। বাণিজ্যিক লেনদেন এবং ত্রিপুরা ও জর্ডানের মধ্যে বিনিয়োগে অংশীদারীত্বের সম্ভাবনা খতিয়ে দেখা হয়। ফিলিপাইন্সের সাথে আলোচনায় যে ক্ষেত্রগুলি গুরুত্ব পায় সেগুলি হল- তথ্য প্রযুক্তি, ডিজিট্যাল ইনোভেশন, স্টার্ট আপ ইকো-সিস্টেম, দক্ষতা উন্নয়ন, পর্যটন ও এমএসএমই। ত্রিপুরার অগ্রাধিকারের ক্ষেত্রগুলিকে সামনে রেখে জ্ঞান আদান প্রদানের উপর গুরুত্ব আরোপ করা হয়।

অন্যদিকে ভারতে চিলি এবং নেপাল এর দূতাবাসের সঙ্গেও অনুরূপ বৈঠক হয়। চিলির দূতাবাসের পক্ষে রাষ্ট্রদূত জুয়ান অ্যাঙ্গুলো এবং নেপাল দূতাবাসের পক্ষে সে দেশের মন্ত্রী ড. সুরেন্দ্র থাপা এবং কাউন্সেলর (অর্থনৈতিক) রবীন্দ্র জং থাপার সাথে ত্রিপুরার বিনিয়োগ ইকোসিস্টেম, ভৌগোলিক অবস্থানে নীতিগত সুযোগ সুবিধা নিয়ে আলোচনা হয়। চিলির সাথে আলোচনায় গুরুত্ব পায় তথ্য প্রযুক্তি, স্টার্ট আপ ইকোসিস্টেম, ডিজিট্যাল পরিষেবা, উদ্যোগ ইত্যাদি ক্ষেত্র এবং নেপালের সাথে আলোচনায় গুরুত্ব পায় ইকো-ট্যুরিজম, সাস্টেনেবল ট্যুরিজম মডেল, বাঁশ ও সংশ্লিষ্ট ক্ষেত্র, খাদ্য প্রক্রিয়াকরণ, সাংস্কৃতিক যোগসূত্র ইত্যাদি ক্ষেত্র। নেপালের পক্ষ থেকে পর্যটন ও আদানপ্রদানের উপর বিশেষ আগ্রহ প্রকাশ করা হয়েছে। শিল্প ও বাণিজ্য দপ্তরের পক্ষ থেকে এই সংবাদ জানানো হয়েছে।

******